# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 30 March, 2025

জামালপুরের বকশীগঞ্জে পবিত্র ঈদুল ফিতরের আনন্দ ভাগাভাগি করতে ঈদ উপহার হিসেবে অসহায়দের মাঝে শাড়ি-লুঙ্গী বিতরণ করা হয়েছে।

রোববার (৩০ মার্চ) সকালে বাট্টাজোড় ইউনিয়নের কান্দা পাড়া নিজ বাড়িতে সমাজসেবক ও ব্যবসায়ী মোরাদুজ্জামান মোরাদ দেড় হাজার মানুষের মাঝে এসব ঈদ উপহার বিতরণ করেন।

বিতরণকালে ইউপি সদস্য জিয়াউল হক জিয়া, সাবেক ইউপি সদস্য আবদুর রহিম সরকার, মোতালেব মন্ডল, রিয়াদুল ইসলাম সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও উপকারভোগীরা উপস্থিত ছিলেন।

এসময় তিনি বাট্টাজোড় ইউনিয়নবাসীকে ঈদের শুভেচ্ছা জানান।

ঈদুল ফিতর,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:36

URL: https://www.timestodaybd.com/mymensingh/775807206